নির্বাচনে বিজয়ী হয়ে নৌকার প্রার্থী গেলেন বিএনপি প্রার্থীর অফিসে

গত রবিবার কালীগঞ্জ পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। মেয়র পদে দ্বিতীয়বারের মতো মেয়র নির্বাচিত হয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ।
নির্বাচিত হওয়ার পরদিন গতকাল সোমবার সন্ধ্যা আটটার দিকে প্রতিদ্বন্দী প্রার্থী বিএনপি মনোনীত ধানের শীষ প্রতীকের মাহবুবার রহমানের অফিসে গিয়ে সৌজন্যে সাক্ষাৎ করেন বিজয়ী নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ।
এ সময় দু’জনকেই বেশ হাস্যেজ্জ¦ল দেখা যায়। একে অপরের সাথে কুশল বিনিময় করেন। ভোটের আগেও নৌকা প্রতীকের প্রার্থী আশরাফুল আলম আশরাফ বিএনপি প্রার্থী অফিসের গিয়ে দোয়া ও ভোট প্রার্থনা করেন। নৌকা প্রতীকের মোঃ আশরাফুল আলম আশরাফ বলেন, নির্বাচনে যে কেউ প্রার্থী হতে পারে। কালীগঞ্জ পৌরবাসীর উন্নয়নে সবার সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। সবাই ভেদাভেদ ভুলে কাজ করবো। সবাই আমার জন্য দোয়া করবেন।
গত রোববার অনুষ্ঠিত কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে ১৯ হাজার ৪২৭ ভোট পেয়ে মেয়র নির্বাচিত হন নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ। তার নিকটতম প্রতিদ্বন্দী ধানের শীষ প্রতীকের মাহাবুবার রহমান পেয়েছেন ৩ হাজার ১৫০ ভোট।

গাংনীতে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল

নৈরাজ্য সৃষ্টির অভিযোগ তুলে মেহেরপুরের গাংনীতে বিএনপি জামায়াত ও ছাত্রদলের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগ। গতকাল সোমবার দুপুর ১ টায় গাংনী হাসপাতাল বাজার থেকে একটি বিক্ষোভ

মিছিল বের হয়ে শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে শেষ হয়। বিক্ষোভ মিছিল ও সভায় ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুল, গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা, মেহেরপুর জেলা ছাএলীগের সহ-সভাপতি ফয়সাল জাহান শিশির, হুমায়ন কবির লিখন, ফিরোজ আহমেদ, সাংগঠনিক সম্পাদক রাইহানুর জামান নিরব, মানব উন্নয়ন বিষয়ক সম্পাদক মাসুদ রানা মিল্টন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি তপু রায়হান রবিন, যুগ্ম-সাধারণ সম্পাদক, উপ-দপ্তর সম্পাদক শাহিন রেজা, মোঃ লিজন হোসেন, সজীব ওয়াজেদ জয় পরিষদের সাধারণ সম্পাদক মোঃ আশিকুর জামান সবুজ, ছাত্রলীগ নেতা শুভ আহমেদ, নাছিম আহমেদ, ইমন আহমেদ, শিশির, সাহারুল, তোহিদ, শামিম, আরাফাত, তুষার ইমরান, সাব্বিরসহ বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

শৈলকুপায় নৌকা প্রার্থী শেফালী বেগম বিজয়ী

বিস্তর ব্যবধানে বিজয়ের উল্লাসে জনস্রোতে ভাসছে শৈলকুপা। ২ লাখ ৮৮ হাজার ২৫৪ ভোটের মধ্যে নৌকার দলীয় প্রার্থী শেফালী বেগম ১ লাখ ৮৮ হাজার ৮’শ ১৬ ভোট পেয়েছেন। তিনি বিস্তর ব্যবধানে বিএনপি দলীয় প্রতিদ্বন্দ্বী প্রার্থী এ্যাড. হুমায়ুন বাবর ফিরোজকে পরাজিত করেছেন। বেসরকারীভাবে শেফালী বেগমকে বিজয়ী ঘোষণা করা হয়েছে।
গত বছর ৪ নভেম্বর থানা আওয়ামী লীগের সভাপতি ও (আমৃত্যু) উপজেলা চেয়ারম্যান মোশাররফ হোসেন এর মৃত্যুতে চেয়ারম্যানের পদ শূন্য হয়। শুরু হয় নতুন গুঞ্জন, কে পাচ্ছেন দলীয় টিকিট? ১০ হেভিওয়েট প্রার্থীর লবিং গ্রুপিং আর প্রতিযোগিতার সকল জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে কাঙ্খিত নৌকা প্রতীক লাভ করেন প্রয়াত বীরমুক্তিযোদ্ধা সোনা শিকদার পত্মী শেফালী বেগম। পৌরসভাসহ উপজেলার ১৪ টি ইউনিয়নের ২ লাখ ৮৮ হাজার ২৫৪ জন ভোটার নিয়ে শুরু হয়েছে উপ-নির্বাচন। আওয়ামী লীগের নৌকা প্রতীকের বিপরীতে ধানের শীষ নিয়ে বিএনপি দলীয় প্রার্থী সাবেক ছাত্রনেতা থানা বিএনপির

যুগ্ম-সম্পাদক এ্যাড. হুমায়ন বাবর ফিরোজ ধানের শীষ প্রতীকে ভোট পেয়েছেন ৪৪৫২। এছাড়াও স্বতন্ত্র প্রার্থী আনিচুর রহমান আনারস প্রতীকে ভোট পেয়েছেন ১৯৭৫ ভোট।
অপরদিকে ধানের শীষ প্রতীকের প্রার্থী হুমায়ুন বাবর ফিরোজ বিকাল সাড়ে ৩টার দিকে নানা অনিয়মের অভিযোগ এনে ভোট বর্জনের ঘোষণা দেন। তিনি তার নিজস্ব ফেসবুক আইডিতে একটি প্রেস বিজ্ঞপ্তি ও সাংবাদিকদের মোবাইল ফোনে বিষয়টি নিশ্চিত করেন। এছাড়াও নির্বাচনী দায়িত্বে থাকা কর্মকর্তাগণ তার কোন অভিযোগ আমলে নেয়নি এবং প্রশাসনিক সহযোগীতা করেনি বলে মন্তব্য করেন। একই সাথে গত পৌরসভা নির্বাচনে ৮নং ওয়ার্ডের স্থগিত থাকা কাউন্সিলর পদে ৬৭৮ ভোট পেয়ে প্রাথমিকভাবে বিজয়ী হয়েছেন সাইফুল ইসলাম। তার প্রতিদ্বন্দ্বী প্রার্থী সাবেক কাউন্সিলর শওকত আলী ৫৬২ ভোট পেয়েছেন। উপজেলা রিটার্নিং কর্মকর্তা জুয়েল আহম্মেদ জানান, ১২০টি কেন্দ্রে ৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন। কোন প্রার্থী নির্বাচন সংক্রান্ত লিখিত অভিযোগ জানায়নি। নির্বাচন অবাধ ও সুষ্ঠু করতে তারা যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছেন, কোথাও অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

আবারও কালীগঞ্জের নগর পিতা নির্বাচিত হলেন আশরাফ

৫ম ধাপে ২৮ তারিখ গতকাল রবিবার সকাল আটটা থেকে বিকাল চারটা পর্যন্ত বিরতিহীন ভাবে চলা ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে পুনরায় মেয়র নির্বাচিত হয়েছেন- নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ।
আশরাফুল আলম আশরাফ পেয়েছেন নৌকা প্রতীক নিয়ে ১৯ হাজার ৩২৬ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ¦◌ী ধানের শীষ প্রতীকের আলহাজ্ব মাহাবুবার রহমান পেয়েছেন ৩ হাজার ৭৪ ভোট। এছাড়াও স্বতন্ত্র নারিকেল গাছ প্রতীকের এনামুল হক ইমান পেয়েছেন ২ হাজার ৮১৬ ও ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের হাতপাখা প্রতীকের মোঃ নুরুল ইসলাম পেয়েছেন ১ হাজার ৪৭১ ভোট।
এছাড়াও সাধারাণ কাউন্সিলর পদের নির্বাচনে বিজয়ী হয়েছেন (পুরুষ):

১নং ওয়ার্ড- মোঃ রাশেদুল হক রিগান, ২নং ওয়ার্ডে মোঃ রুবেল মিয়া, ৩নং ওয়ার্ডে মোঃ আশরাফুজ্জামান রনি, ৪ নং ওয়ার্ডে বদিউজ্জামান সাজু, ৫নং ওয়ার্ডে মনিরুজ্জামান (বিনা প্রতিদ্বন্দি¦তায়), ৬নং ওয়ার্ডে মোঃ নাসির উদ্দিন লিটন, ৭নং ওয়ার্ডে মোঃ মুক্তার হোসেন, ৮ নং ওয়ার্ডে মেহেদী হাসান সজল ও ৯নং ওয়ার্ডে মোঃ ফিরোজ আহমেদ সেন্টু।
নির্বাচনকে সামনে রেখে ভোট কেন্দ্রে বিজিবি, পুলিশ, আনসার, স্ট্রাইকিং ফোর্স, মোবাইল কোট টিম, নির্বাহী ম্যাজিস্ট্রেট নিযুক্ত করা হয় ।
উল্লেখ্য এই সর্বপ্রথম কালীগঞ্জে ইভিএম পদ্ধতিতে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয় ।
সাধারণ ভোটারদের মতামত গ্রহণ করলে তারা জানান, ইভিএমে ভোট প্রদান খুবই সহজ মনে হয়েছে তাদের কাছে। তারা কোনো ধরনের চাপ ছাড়াই খুব সুন্দর ভাবে ভোট প্রদান করেছেন।
প্রতিটি কেন্দ্রের প্রিজাইডিং অফিসাররা জানান, সুষ্ঠু সুন্দর পরিবেশে তার ভোট গ্রহণ করতে পারছেন। তবে ইভিএমে ভোটিং পদ্ধতিতে নতুন ভোট দেওয়ায় কিছু ভোটারের সমস্যা হয়েছে তবে তা সমাধানের চেষ্টা করা হযেছে।
কালীগঞ্জ থানার ওসি মাহফুজুর রহমান জানান, দুই একটি অনাকাঙ্কিত ঘটনা ছাড়া ভোটের পরিবেশ ভালো ছিলো। ভোটাররা নিরাপদে ভোটে কেন্দ্রে এসেছেন ও ভোট দিয়েছেন।
কালীগঞ্জ উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার আলমগীর হোসেন জানান, বেসরকারি ভাবে নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ বিজয়ী হয়েছে।

একজন ইউপি সদস্যের বঙ্গবন্ধুর প্রতি ভালোবাসা

মুজিববর্ষ সফল করতে বঙ্গবন্ধুকে ভালোবেসে, বঙ্গবন্ধুর আদর্শ বুকে ধারন করে আশরাফুল ইসলাম নামের একজন ব্যক্তি নৌকার তৈরি গাড়ি বহরে ঘুরে বেড়াচ্ছেন মেহেরপুরসহ বিভিন্ন জেলার গ্রামাঞ্চলে। বঙ্গবন্ধুর জীবনী ও চেতনা শিক্ষার্থীদের মাঝে তুলে ধরতে তার এই

উদ্যোগ।
আশরাফুল ইসলাম ঝিনাইদহ সদর উপজেলার ১০ নং হরিশংকরপুর ইউনিয়নের একজন বাসিন্দা।
তিনি ঐ ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের একজন ইউপি সদস্য।
ইঞ্জিন চালিত যানে নৌকা তৈরি করে তার উপরে বঙ্গবন্ধুর প্রতিকৃতি দিয়ে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ফুটিয়ে তুলেছে। সাথে নৌকার গায়ে বীরশ্রেষ্ট দের ছবি লাগিয়ে সুন্দর করে সাজিয়েছেন তিনি। বঙ্গবন্ধুর প্রতি তার এই ভালোবাসা জনগণের মনে বিশাল সাড়া জাগিয়েছে।
নৌকাবহর গাড়ি যেখানেই দেখছে জনগণ সেখানে ভীড় করে তার সাথে স্বাক্ষাত করছে। কেউ কেউ গাড়ির সাথে নিজেদের ছবি মোবাইলে আবদ্ধ করে রাখছে। এছাড়া বঙ্গবন্ধুর প্রতি তার এই ভালোবাসাকে সাধুবাদ জানিয়েছে অনেকেই।
আশারাফুল ইসলামের কাছে এমন একটি উদ্যোগ সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, আমি বঙ্গবন্ধুর আদর্শের একজন সৈনিক। আমি বঙ্গবন্ধুর আদর্শ বুকে ধারন করে বড় হয়েছি। আমি চাই এখনকার ছোট বাচ্চারাও বঙ্গবন্ধুর আদর্শে আদর্শিত হোক। তাই বঙ্গবন্ধু সম্পর্কে জানাতে আমার এই উদ্যোগ গ্রহণ।
তিনি জানান, আমি বিভিন্ন জাতীয় দিবসে আমাদের গ্রামের শিক্ষা প্রতিষ্ঠানে ৭মার্চ এর ভাষণের সাথে সাথে বঙ্গবন্ধুর জীবনী তুলে ধরি। কিন্তু এতে করে শুধু আমার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা জানতে পারে। বাইরের শিক্ষার্থীরা জানতে পারে না। তাই বাইরের শিক্ষার্থীদের মাঝে বঙ্গবন্ধুর জীবনী তুলে ধরতে আমি আজ সরাসরি রাস্তায় নেমেছি।
ঝিনাইদহ সদর থেকে রওনা দিয়ে চুয়াডাঙ্গা-মেহেরপুর থেকে মুজিবনগর এসেছি। মুজিবনগর থেকে ঘুরে যেয়ে কালীগঞ্জের ভিতর দিয়ে আবার ঝিনাইদহতে ফিরে যাবো।

২০২৪ সালের নির্বাচনে অংশ

নেওয়ার প্রশ্নে যা বললেন প্রধানমন্ত্রী

স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের জন্য বাংলাদেশের জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ লাভ করার সুখবরটি জাতিকে দিতে শনিবার সংবাদ সম্মেলনে এসেছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বিকাল ৪টায় প্রধানমন্ত্রী কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হন তিনি। সম্মেলনে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের বিভিন্ন সূচকে বাংলাদেশের এগিয়ে যাওয়ার কথা কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বাংলাদেশ গতকাল (২৬ ফেব্রুয়ারি) স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের জন্য জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ লাভ করেছে বলে জানান। আরও বলেন, আমরা উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার পূর্ণ যোগ্যতা অর্জন করেছি।

প্রধানমন্ত্রী তার লিখিত বক্তব্য শেষে সাংবাদিকদের প্রশ্ন করার সুযোগ দেন। একপর্যায়ে ২০২৪ সালের নির্বাচনে প্রধানমন্ত্রী অংশ নেবেন কি না- এক সাংবাদিক জানতে চান। জবাবে শেখ হাসিনা বলেন, ২০২৪ আসলে তখন সিদ্ধান্ত নেব, কী করব।

প্রধানমন্ত্রী বলেন, উন্নয়নশীল দেশে উত্তরণের জন্য ২০২৬ সাল পর্যন্ত তার মান ধরে রাখতে হবে। এজন্য আমাদের নানা চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। সব চ্যালেঞ্জ মোকাবিলা করতে প্রস্তুত। আমার মনে হয়, এ কথার মধ্যে সব উত্তর আছে।

ঝিনাইদহের হাটগোপালপুরে আওয়ামী লীগের বিক্ষোভ সমাবেশ

আলজাজিরা টেলিভিশনে মিথ্যা সংবাদ প্রচার ও ষড়যন্ত্রের প্রতিবাদে ঝিনাইদহে আওয়ামী লীগের বিক্ষোভ সশাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকালে সদর উপজেলার পূর্বাঞ্চল আওয়ামী লীগের আয়োজনে

হাটগোপালপুর বাজারে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।
পদ্মাকর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি সাহাবুদ্দিন বিশ্বাসের সভাপতিত্বে ইউপি চেয়ারম্যান সৈয়দ নিজামুল গনি লিটু’র পরিচালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু। বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি তৈয়ব আলী জোয়ার্দ্দার। এছাড়াও যুগ্ম-সাধারণ সম্পাদক মাসুদ আহমেদ সঞ্জু, ধর্ম বিষয়ক সম্পাদক এস এম আনিছুর রহমান খোকা, হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক জাহাঙ্গীর হুসাইন, জজ কোর্টের জিপি এ্যাড. বিকাশ কুমার ঘোষ, আওয়ামী লীগ নেতা গোলাম সরোয়ার খান সউদ, সদর থানা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক জে এম রশীদুল আলম, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জেলা পরিষদের সদস্য ইমাজুল হক, ফুরসন্ধি ইউনিয়নের চেয়ারম্যান এ্যাড. আব্দুল মালেক মিনা, নলডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান কবির হোসেন, দোগাছি ইউনিয়নের চেয়ারম্যান ইছাহাক আলী জোয়ার্দ্দার, কুমড়াবাড়িয়া ইউনিয়নের চেয়ারম্যান আশরাফুল ইসলাম, সাধুহাটি ইউনিয়নের চেয়ারম্যান কাজী নাজির উদ্দিন, হরিশংকরপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল্লাহ আল মাসুমসহ স্থানীয় আওয়ামী লীগ ও সহযোগি সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
এ সময় প্রধান অতিথি বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশ আরও এক ধাপ উন্নয়নের শিখরে পৌঁছাবে। সকল ভেদাভেদ ভুলে তৃণমূল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে আওয়ামী লীগকে আরও শক্তিশালী করতে সকলের প্রতি আহবান জানান। এছাড়াও বক্তারা আলজাজিরাকে জঙ্গিবাদি টেলিভিশন উল্লেখ করে বাংলাদেশে সম্প্রচার বন্ধের দাবি জানান।

আজকের বাংলাদেশ এক বদলে যাওয়া বাংলাদেশ: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এক যুগ আগের বাংলাদেশ আর আজকের বাংলাদেশ এক নয়। আজকের বাংলাদেশ এক বদলে যাওয়া বাংলাদেশ।

শনিবার বিকাল ৪টায় প্রধানমন্ত্রী কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে সরকারপ্রধান এ কথা বলেন। স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের জন্য বাংলাদেশের জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ লাভ করা উপলক্ষে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের বিভিন্ন সূচকে বাংলাদেশের এগিয়ে যাওয়ার কথা কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ গতকাল (২৬ ফেব্রুয়ারি) স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের জন্য জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ লাভ করেছে। আমরা উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার পূর্ণ যোগ্যতা অর্জন করেছি।

শেখ হাসিনা বলেন, সমগ্র জাতির জন্য এটা অত্যন্ত আনন্দের এবং গর্বের। আমাদের এই উত্তরণ এমন এক সময়ে ঘটল, যখন আমরা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন করছি। আমরা মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের দ্বারপ্রান্তে।

প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের জন্য এ উত্তরণ এক ঐতিহাসিক ঘটনা। এ কৃতিত্ব এ দেশের আপামর জনসাধারণের। সবার সম্মিলিত প্রচেষ্টায় আমরা এই মাইলফলক অর্জন করতে পেরেছি। এই অর্জনকে দেশের নতুন প্রজন্মকে উৎসর্গ করেন বঙ্গবন্ধুকন্যা।

প্রধানমন্ত্রী বলেন, স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের ফলে বহির্বিশ্বে বাংলাদেশ একটি প্রত্যয়ী ও মর্যাদাশীল দেশ হিসেবে জায়গা করে নেবে। আমাদের এ অর্জনকে সুসংহত এবং টেকসই করতে হবে। ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন, ২০৩১ সালের মধ্যে উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হওয়ার ক্ষেত্রে আমাদের জন্য এটি একটি বিশেষ ধাপ বলেও উল্লেখ করেন শেখ হাসিনা।

সাংবাদিক মুজাক্কির হত্যার প্রতিবাদে কোটচাঁদপুরে মানববন্ধন

নোয়াখালীর কোম্পানীগঞ্জে আ. লীগের দু’পক্ষের সংঘর্ষ চলাকালে পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে সন্ত্রাসীদের গুলিতে নিহত সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির হত্যার প্রতিবাদ ও মূল হোতাদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ঝিনাইদহের কোটচাঁদপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টায় কোটচাঁদপুরে কর্মরত সাংবাদিকদের আয়োজনে স্থানীয় পৌর বাজার পায়রা চত্বরে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে উপজেলায় কর্মরত বিভিন্ন মিডিয়ার পেশাজীবী সাংবাদিকরা অংশ নেয়। বক্তারা সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির হত্যার মূল হোতাদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করে সারাদেশে সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারের প্রতি অনুরোধ জানান।
এ সময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক কাজী মৃদুল, সহ-সভাপতি আলামগীর খাঁন, সাংবাদিক ইসমাঈল হোসেন, রিপোটার্স ক্লাবের সভাপতি অশোক দে, সাধারণ সম্পাদক সুব্রত কুমার, উপজেলা সাংবাদিক ইউনিয়ন (কেইউজে) সভাপতি এসএম রায়হান উদ্দীন, সাধারণ সম্পাদক মঈন উদ্দীন খাঁন, সহ-সভাপতি আজিজুল হক, সিনিয়র সদস্য শামীম রেজা, কোটচাঁদপুর রিপোটার্স ইউনিটির যুগ্ম-সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ বাশারসহ রিপোটার্স ইউনিটির সদস্যবৃন্দ।
প্রসঙ্গত গত ১৯ ফেব্রুয়ারি সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির নোয়াখালীর চাপরাশির হাট বাজারে আ. লীগের দু’গ্রুপের সংঘর্ষের সময় পেশাগত দায়িত্ব পালনকালে গুলিবিদ্ধ হয়ে গুরতর আহত হন। পরে তাকে উন্নত চিকিৎসাল জন্য ঢাকা মেডিক্যালে নেয়া হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় গত ২০ ফেব্রুয়ারি তিনি মারা যান।

ঝিনাইদহে ঘর পেল অরও ১০০ ভূমিহীন ও গৃহহীন পরিবার

ঝিনাইদহে ১০০ ভূমিহীন ও গৃহহীন পরিবারকে মুজিববর্ষের উপহার হিসেবে গুচ্ছগ্রামের ঘর বুঝিয়ে দেওয়া হয়েছে। গতকাল বুধবার সকালে সদর উপজেলার ফকিরাবাদ গ্রামের ‘বঙ্গবন্ধু পল্লী ও ধানমন্ডি-৩২’ গুচ্ছগ্রামের ঘর পাওয়া সুবিধাভোগিদের মাঝে ঘর বুঝিয়ে দেওয়া হয়। এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের উপজেলা চেয়ারম্যান এ্যাডভোকেট আব্দুর রশীদ, সদর উপজেলা কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, এসিল্যান্ড খাঁন মোঃ আব্দুল্লা আল মামুন, নির্বাহী ম্যাজিস্ট্রেট শরিফুল হক, এমএম নুরুন্নবী, তানভীর হাসান তুরান, কামরুজ্জামান সরকার, ভূমি কর্মকর্তা এমএ কাইয়ুম মুক্ত, পাগলাকানাই ইউপি চেয়ারম্যান এ কে এম নজরুল ইসলাম, ইউপি সদস্য আসাদুজ্জামান সুজন, চান মিয়া, নাজিম উদ্দিন বিশ্বাস ও সংরক্ষিত মহিলা সদস্য সালেহ বেগম। আলোচনা সভা শেষে লটারির মাধ্যমে সুবিধাভোগিদের ঘর বিভাজন করে বুঝিয়ে দেওয়া হয়। নতুন ঘর বুঝে পেয়ে খুশি হতদরিদ্র পরিবারগুলো।